**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আগামীকাল হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণের ইন্ডোর হলে পূর্ব, উত্তর-পূর্ব এবং উত্তর অঞ্চলের যৌথ আঞ্চলিক রাজভাষা সম্মেলনের উদ্বোধন করবেন।**

**(২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, বিকশিত ভারতের লক্ষ্যে পৌঁছুনোর জন্য বেদের জ্ঞান আমাদের পথপ্রদর্শক হয়ে উঠতে পারে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, কৃত্রিম বুদ্ধিমত্তা জনগনের ক্ষমতা বহুগুণ বৃদ্ধি করছে।**

**(৪) চাকমাঘাটে আগামী ২৫শে ফেব্রুয়ারি থেকে ১৪ দিনব্যাপী 'হাথকার্ঘা মেলা-রাজ্য হ্যান্ডলুম এক্সপো' শুরু হবে।**

*****************************************

**Rajbhasha Conference :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আগামীকাল হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণের ইন্ডোর হলে পূর্ব, উত্তর-পূর্ব এবং উত্তর অঞ্চলের যৌথ আঞ্চলিক রাজভাষা সম্মেলনের উদ্বোধন করবেন। সম্মেলনে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন কার্যালয়ের আধিকারিকগণ, পি.এস.ইউ, বিভিন্ন ব্যাঙ্কের কর্মকর্তা সহ ৩ হাজারেরও বেশি প্রতিনিধি অংশগ্রহণ করবেন। আজ রাজ্য অতিথিশালায় আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ রাজভাষা বিভাগের সচিব অংশুলি আর্য এই সংবাদ জানান। তিনি জানান, এই রাজভাষা সম্মেলনে দেশের পূর্ব অঞ্চলের পশ্চিমবঙ্গ, উড়িষ্যা, বিহার, ঝাড়খন্ড, উত্তর-পূর্বাঞ্চলের ৮টি রাজ্য এবং উত্তর অঞ্চলের উত্তর প্রদেশ, উত্তরাখন্ড, হরিযাণা, পাঞ্জাব, হিমাচল প্রদেশ, রাজস্থান, জম্মু-কাশ্মীর এবং লাদাখ রাজ্য থেকে প্রতিনিধিরাও অংশগ্রহণ করবেন। এই

সম্মেলনের লক্ষ্য হল সরকারি ভাষা নীতির বাস্তবায়নকে আরও জোরদার করা এবং সরকারি কাজে হিন্দি ভাষা ব্যবহারে প্রেরণা ও উৎসাহিত করা। তিনি জানান, রাজভাষা বিভাগ প্রতি অর্থবছরে ৪টি আঞ্চলিক রাজভাষা সম্মেলনের আয়োজন করে থাকে। এই ধরণের সম্মেলনে বিভিন্ন অঞ্চলের সরকারি ভাষার ব্যবহার ও আধিকারিকদের মধ্যে অভিজ্ঞতা বিনিময় করা হয়। তিনি জানান, কেন্দ্রীয় সরকার হিন্দি ভাষার বিকাশে নানা পদক্ষেপ গ্রহণ করেছে।

২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে দেশের সাংস্কৃতিক ঐতিহ্যের উন্নয়নেও নানা পরিকল্পনা নেওয়া হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর আন্তরিক প্রচেষ্টায় কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের সমস্ত কাজ বর্তমানে হিন্দিতে কার্যকর করা হচ্ছে। তিনি জানান, রাজভাষা সম্মেলন কেবল নিজের ভাষাকে শক্তিশালী করা নয়, বরং বিদেশী ভাষার উপর অপ্রয়োজনীয় নির্ভরতা হ্রাস করার ক্ষেত্রেও একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

প্রধানমন্ত্রীর মার্গ দর্শনে হিন্দি এবং অন্যান্য ভারতীয় ভাষার মধ্যে আরও সমন্বয় গড়ে তোলার লক্ষ্যে 'ভারতী-বহুভাষিক অনুবাদ সারথি' ডিজিটাল প্ল্যাটফর্ম তৈরি করা হয়েছে। এটি আঞ্চলিক ভাষার ব্যবহারের প্রচার এবং ভারতের ভাষাগত ঐতিহ্যের সংরক্ষণে সহায়ক হচ্ছে। আগামীকাল সম্মেলনের উদ্বোধনী পর্বে রাজভাষা ভারতী উত্তর-পূর্বের একটি উপস্থাপনা করা হবে এবং একটি বিশেষ সংখ্যা প্রকাশিত হবে। তাছাড়া 'ভারতীয় ভাষা এবং রাজভাষা হিন্দি-কালজয়ী রচনা এবং অমৃত বাণী-সংস্কৃতের কালজয়ী অনুপ্রেরণামূলক শ্লোক' এই বইগুলিও প্রকাশ করা হবে।

সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন রাজভাষা বিভাগের যুগ্ম সচিব ড. নিধি পান্ডে, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, পিআইবি'র উত্তর-পূর্বাঞ্চলের অতিরিক্ত মহানির্দেশক কৃপা শংকর যাদব প্রমুখ।

*****************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, বিকশিত ভারতের লক্ষ্যে পৌঁছুনোর জন্য বেদে উল্লেখিত জ্ঞান আমাদের পথপ্রদর্শক হয়ে উঠতে পারে। আজ লেম্বুছড়াস্থিত কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে আয়োজিত আঞ্চলিক বৈদিক সম্মেলনের সমাপ্তি অনুষ্ঠানে তিনি একথা বলেন। রাজ্যপাল বৈদিক সাহিত্য, ভারতের প্রাচীন জ্ঞান ভান্ডার সবার জন্য সহজপ্রাপ্য করতে ডিজিট্যাল মাধ্যমে সংরক্ষণের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি সংস্কৃত ভাষাকে আরও জনপ্রিয় করে তুলতে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও ছাত্রছাত্রীদের এগিয়ে আসার আহ্বান জানান। বৈদিক সম্মেলনে অংশগ্রহণকারীদের মধ্যে রাজ্যপাল সনদ বিতরণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট সংস্কৃত পন্ডিত ভেঙ্কটরমন গণপতি। স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের অধিকর্তা প্রফেসর মাথলেশ কুমার উপাধ্যায়।

******************************

**CEIR Portal :**

ভারত সরকারের টেলিযোগাযোগ বিভাগ সঞ্চার সাথীর অধীনে সেন্ট্রাল ইকুইপমেন্ট আইডেন্টিটি রেজিস্টার-সি.ই.আই.আর পোর্টালের মাধ্যমে ত্রিপুরার নাগরিকদের হারিয়ে যাওয়া বা চুরি হওয়া মোবাইল হ্যান্ডসেটগুলি সনাক্ত ও পুনরুদ্ধারে সহায়তা করার ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে, একইসাথে এই জাতীয় ডিভাইসগুলির অপব্যবহারের বিরুদ্ধে ব্যবস্থা জোরদার করা হয়েছে।

রাজ্যে সি.ই.আই.আর সুবিধা বাস্তবায়নের পর থেকে, উল্লেখযোগ্য সংখ্যক ব্যবহারকারী তাদের মোবাইল ফোন ব্লক, ট্রেস এবং পুনরুদ্ধারের জন্য পোর্টালের মাধ্যমে অভিযোগ নথিভুক্ত করেছেন। গত ১৭ই ফেব্রুয়ারি পর্যন্ত ত্রিপুরার সি.ই.আই.আর পোর্টালে মোট ৩০৫৪টি মোবাইল হ্যান্ডসেট হারিয়ে যাওয়া বা চুরি হওয়ার খবর পাওয়া গেছে। এর মধ্যে ৫১৮টি মোবাইল হ্যান্ডসেট সফলভাবে চিহ্নিত ও পুনরুদ্ধার করা হয়েছে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**AI Summit-PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, কৃত্রিম বুদ্ধিমত্তা জনগনের ক্ষমতা বহুগুণ বৃদ্ধি করছে। আজ নয়াদিল্লিতে ইন্ডিয়া-এ.আই ইম্প্যাক্ট সামিটে তিনি একথা বলেন। তিনি বলেন, "বিশ্বের তরুণ প্রজন্ম যেভাবে এ.আই-কে গ্রহণ করছে তা অভূতপূর্ব।" প্রধানমন্ত্রী বলেন, "এ.আই সম্পর্কে ভারতের দৃষ্টিভঙ্গি স্পষ্ট। তা হল সমগ্র মানবতার কল্যাণের জন্য একটি ভাগ করা সম্পদ। আমাদের এমন একটি এআই ভবিষ্যত তৈরি করতে হবে যা উদ্ভাবনকে এগিয়ে নিয়ে যায়, অন্তর্ভুক্তিকে শক্তিশালী করে এবং মানবিক মূল্যবোধকে অন্তর্ভুক্ত করে এগিয়ে যায়। যখন প্রযুক্তি এবং মানুষের আস্থা একসঙ্গে চলে, তখন এ.আই-এর প্রকৃত প্রভাব বিশ্বে দৃশ্যমান হবে।" প্রধানমন্ত্রী আরো বলেন, এই শীর্ষ সম্মেলন একটি মানব-কেন্দ্রিক, সংবেদনশীল বৈশ্বিক কৃত্রিম বুদ্ধিমত্তা বাস্তুতন্ত্র গড়ে তোলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। কৃত্রিম বুদ্ধিমত্তার নৈতিক ব্যবহারের বিষয়ে প্রধানমন্ত্রী তিনটি গুরুত্বপূর্ণ পরামর্শ দিয়েছেন। তিনি বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা উন্নয়নে স্বচ্ছতা

এবং নির্ভুলতা নিশ্চিত করার জন্য একটি বিশ্বব্যাপী, বিশ্বস্ত ডেটা কাঠামো প্রতিষ্ঠা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

#######Byte-PM#######

****************************

**Handloom Fair-Handloom Expo 2026 :**

হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তরের উদ্যোগে তেলিয়ামুড়ার চাকমাঘাট খোয়াই নদী বাঁধ প্রাঙ্গনে আগামী ২৫শে ফেব্রুয়ারি থেকে ১৪ দিনব্যাপী 'হাথকার্ঘা মেলা–রাজ্য হ্যান্ডলুম এক্সপো' শুরু হবে। এই মেলাকে কেন্দ্র করে তেলিয়ামুড়া মহকুমা শাসক কার্যালয়ের এক প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে জনজাতি কল্যান মন্ত্রী বিকাশ দেববর্মার বলেন, হস্ততাঁত ও হস্তশিল্প শুধু ঐতিহ্যের ধারক নয়, তা গ্রামীণ অর্থনীতির শক্ত ভিত। মহিলাদের আত্মনির্ভরতার ক্ষেত্রে হস্ততাঁত শিল্প এক কার্যকর মাধ্যম। রাজ্যের বিভিন্ন প্রান্তের তাঁত শিল্পীদের জন্য সরাসরি ক্রেতাদের সঙ্গে সংযোগ স্থাপন, বাজার সম্প্রসারণ এবং নতুন নকশা ও প্রযুক্তির সঙ্গে পরিচিত হওয়ার সুযোগ মিলবে এই মেলায়। বৈঠকে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সহ-সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারম্যান রূপক সরকার প্রমুখ।

****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২২শে ফেব্রুয়ারী, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩১তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে

মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২০ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

***************************

**Jual Oram :**

উপজাতি বিষয়ক মন্ত্রী জুয়াল ওরাম আজ বলেছেন যে সরকার উপজাতি অঞ্চলগুলিকে প্রভাবিত করে এমন রোগ নির্মূলের উপর দৃষ্টি নিবদ্ধ করে কর্মসূচি নিয়ে কাজ করছে। নতুনদিল্লিতে জাতীয় তফসিলি উপজাতি কমিশনের ২৩তম প্রতিষ্ঠা দিবসে ভাষণ দিতে গিয়ে শ্রী ওরাম বলেন যে কমিশন উপজাতি সম্প্রদায়ের অধিকারের জন্য কার্যকরভাবে কাজ করছে। মন্ত্রী উল্লেখ করেন যে কমিশন ভূমি বিরোধের মতো সমস্যা সমাধানের মাধ্যমে উপজাতিদের ক্রমাগত সহায়তা করে চলেছে। মন্ত্রী কমিশনকে প্রয়োজনীয় সকল সহায়তা প্রদানের জন্য সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

অনুষ্ঠানে উপজাতি বিষয়ক প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকে এবং জাতীয় তফসিলি উপজাতি কমিশনের চেয়ারপারসন অন্তর সিং আর্যও উপস্থিত ছিলেন।

***********************************

**Ramkrishna :**

রামকৃষ্ণ পরমহংসদেবের জন্মতিথি উপলক্ষে আজ রাজ্যের বিভিন্ন স্থানে রামকৃষ্ণ মঠ ও মিশনগুলিতে বিশেষ পূজা ও প্রার্থনার আয়োজন করা হয়েছে। ভোর থেকেই বিভিন্ন আশ্রমে মঙ্গল আরতি, বৈদিক মন্ত্রোচ্চারণ এবং ভজন-সংকীর্তনের মাধ্যমে দিনটির সূচনা হয়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রামকৃষ্ণ পরমহংসের জন্মবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেছেন, রামকৃষ্ণ পরমহংস যেভাবে আধ্যাত্মিকতা এবং ধ্যানকে জীবনদায়ী শক্তি হিসেবে প্রতিষ্ঠা করেছিলেন, তা প্রতিটি যুগে মানবতার জন্য উপকারী।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

***********************